
44

ভোরের কাগজ

তারিখ 09 FEB 1998
পৃষ্ঠা ৩ কলাম ৮

# তবে কি হারিয়ে যাবে বই?

*অত্যাধুনিক তথ্য প্রযুক্তির যুগে মানুষ ক্রমেই প্রযুক্তি নির্ভর হয়ে পড়ছে। তথ্যের প্রয়োজনে বইয়ের চেয়ে কম্পিউটার, ইন্টারনেটের দিকে বেশি ঝুঁকছে। প্রযুক্তির সহজলভ্যতার কারণে দৈনন্দিন অভ্যাসও বদলে যাচ্ছে। সকালে উঠে দেখলেন হকার পত্রিকা দেয়নি, কোনো সমস্যা নেই ইন্টারনেটে দেশী-বিদেশী বহু পত্রিকায় ইচ্ছামতো চোখ বুলিয়ে নিতে পারেন। তবে কি প্রযুক্তির চাপে সাত সকালের পত্রিকার আমেজ বা তথ্যের প্রয়োজনে বইয়ের বাঁধাই সংস্করণের দিন ফুরিয়ে এসেছে? ইন্ডিপেন্ডেন্ট অবলম্বনে লিখেছেন **শাকিলুর রহমান**।*




*৩২ খণ্ডের এনসাইক্লোপিডিয়া এখন ১টি সিডিতে*

এনসাইক্লোপিডিয়া ব্রিটেনিকা তার ৭০ জন কর্মীকে অব্যাহতি দিচ্ছে। এসব কর্মী ব্রিটেনের বাড়িতে বাড়িতে গিয়ে বিশ্বকোষ সমগ্র বিক্রি করতো। কেন তারা কর্মচ্যুত হচ্ছে? তারা কি দুর্নীতিপরায়ণ? অথবা ফাঁকিবাজ? না তেমন কিছু নয়। জনগণই এই বিশাল সংগ্রহ ক্রয়ে ক্রমে উৎসাহ হারিয়ে ফেলছে। তবে কি মানুষ বইয়ের প্রতি আগ্রহ হারিয়ে ফেলছে? বই কি মৃতপ্রায়? ঠিক তা না। ৩২ খণ্ডের এনসাইক্লোপিডিয়ারই এখন মরণদশা। কেননা ৩২ খণ্ডের সমতুল্য সিডি-রমের মূল্য ঐ বিশাল সংগ্রহের তুলনায় অনেক সস্তা। এনসাইক্লোপিডিয়া ক্রয়ে ব্রিটিশদের অনীহার কারণে মৃত্যু হচ্ছে এক প্রতিষ্ঠানের। অবসান হচ্ছে এক যুগের। ব্রিটেনের অনেক বাবা-মা পয়সা জমিয়ে সন্তানদের এনসাইক্লোপিটিয়া ব্রিটেনিকা সমগ্র কিনে দিতো। সুদৃশ্য চামড়ার মোড়কে বাঁধাই এক গুচ্ছ বই। ছেলেমেয়েরা ওগুলো ঘেঁটে তাদের হোমওয়ার্ক করতো। এই সমগ্র নাড়াচাড়া করে একদিকে যেমন ছেলেমেয়েদের জ্ঞান বাড়তো। অন্যদিকে সন্তানের প্রতি বাবা-মায়ের দায়িত্ব পালনও হতো। এখন দিন বদলের পালায় ঐ বাবা-মায়েরাই সন্তানদের এককাড়ি টাকা খরচ করে ঢাউস সমগ্র কিনে না দিয়ে একটি ব্রিটেনিকা সিডি-রম কিনে দিচ্ছে। একটি মাত্র ডিস্ক। দাম? ঐ সমগ্রের তুলনায় খুবই অল্প। শুধু তাই না, যে পরিমাণ টাকায় তারা ঐ সিডি-রম চালানোর জন্য একটি হোম কম্পিউটারও কিনতে পারছে। এনসাইক্লোপিডিয়ার সবচেয়ে সস্তা সমগ্রটির মূল্য ৮৪৫ পাউন্ড। 'ক্লাসিক ব্রাউন' এই সেটটি সচরাচর লাইব্রেরিগুলোই কিনে থাকে। সেটগুলোর মধ্যে সর্বাধিক জনপ্রিয় 'এথারলুম' -এর দাম ৯৪৫ পাউন্ড। সবচেয়ে দামিটি ৩ হাজার পাউন্ডের। এতে প্রতিটি খণ্ডের আদ্যাক্ষরগুলো স্বর্ণখচিত। কিন্তু বর্তমানের অত্যাধুনিক তথ্য প্রযুক্তির যুগে বিক্রেতারা এসব খণ্ডের উপযোগিতা সম্পর্কে ক্রেতাদের বোঝাতে পারছেন না। ৪ কোটি ৪০ লাখ শব্দের পুরো সমগ্রের একটি সিডি-রমের দাম ১২৫ পাউন্ড। ইন্টারনেট ব্যবহারকারীরা মাসে ৮ পাউন্ড দিয়ে ব্রিটেনিকার অনলাইন ভার্সন পেতে পারে। ইন্টারনেট অনলাইনের সুবিধা হলো এটি প্রতিক্ষণেই পরিমার্জিত। আপডেটেড ভার্সন পাওয়া যায়। এখন এছাড়াও অসংখ্য বিকল্প রয়েছে। মাইক্রোসফট ৪৯ পাউন্ডে এনকার্টা এনসাইক্লোপিডিয়া দিচ্ছে। এ বছর কোম্পানির বিক্রির পদ্ধতিতে ব্যাপক পরিবর্তন আনা হচ্ছে। ঘরে ঘরে গিয়ে বিক্রির ব্যবস্থা আগামী এপ্রিল থেকে বন্ধ হয়ে যাবে। এভাবে বিক্রির বদলে ব্রিটেনিকা সিডি-রম বাজারজাতকরণের লক্ষ্যে ব্যাপক বিজ্ঞাপনী প্রচারণা চালানো হবে। যুক্তরাষ্ট্রভিত্তিক ইংরেজি ভাষায় প্রকাশিত প্রকাশনার ভাইস প্রেসিডেন্ট ও জেনারেল ম্যানেজার টিম পেথিক বলেন, বাসায় বাসায় গিয়ে বিক্রি করার চল বা কৌশল অনেক বদলে গেছে। মানুষের দরজায় কড়াঘাত করলে তারা সাড়া দেয় না। তবে লোকজন যখন এনসাইক্লোপিডিয়ার কথা ভাবে, তখন কিন্তু তারা বাড়িতে বাড়িতে গিয়ে বিক্রির কথাই মনে করে। এখন সেভাবে বিক্রি না করে খুচরা দোকানেই তা বিক্রি করা হবে। তিনি বলেন, দুঃখজনক হলেও সরাসরি বিক্রির ব্যবস্থা পরিবর্তনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। পেথিক আরো বলেন, ক্রেতাদের ক্রয়ের পদ্ধতিতে মৌলিক পরিবর্তন এসেছে। 'বাড়িতে বাড়িতে গিয়ে বিক্রি করাটা বহু বছর আমাদের সুফল দিয়েছে। কিন্তু এখন আমাদের ক্রেতারা অন্যভাবে কিনতে আগ্রহী।' এভাবে বিক্রি করাটাও আর পোষাচ্ছিল না। এখন থেকে বিজ্ঞাপনের মাধ্যমে সরাসরি বিক্রি করা হবে। জনগণ চেক বা তাদের ক্রেডিট কার্ডের নম্বর পাঠাবে।

বর্ধিতসংখ্যক লোকের কাছে পার্সোনাল কম্পিউটার থাকার সবচেয়ে বড়ো প্রতিক্রিয়াটি পড়েছে এনসাইক্লোপিড্রিয়া ব্রিটেনিকার ওপর। ব্রিটেনিকার শুরু ১৭৬৮ সালে স্কটল্যান্ড থেকে। বর্তমানের তরুণ প্রজন্মের কাছে তাদের জ্ঞানের সহায়িকা হচ্ছে অন-স্ক্রিন। আর তাদের বাবা-মায়ের কাছে সন্তানদের শিক্ষার পথ সবচেয়ে সুগম করে দেওয়ার উপায় হলো সন্তানদের একটি পার্সোনাল কম্পিউটার কিনে দেওয়া।

এনসাইক্লোপিডিয়া ব্রিটেনিকা শুধু যুক্তরাজ্যেই এ বছর ৮০ হাজার ব্রিটেনিকা সিডি-রম বিক্রির আশা করছে। পক্ষান্তরে ছাপানো সেট বিক্রি হবে আনুমানিক ৪ হাজারটি। বিশ্বব্যাপী এ বছর ২৫ হাজারটি বাঁধাই সংগ্রহ বিক্রি হওয়ার সম্ভাবনা রয়েছে। যা '৯০-এর গোড়ার দিকের চেয়ে ৮৫ শতাংশ কম।

## বই বনাম সিডি-রম

এখানে দুজন গবেষকের একজনকে ৩২ খণ্ড এনসাইক্লোপিডিয়া ও অন্যজনকে ব্রিটেনিকা সিডি-রম দিয়ে ৩টি প্রশ্নের উত্তর খুঁজতে বলা হয়।

১. প্রথম কোন রোমান সম্রাট ব্রিটেনে অভিযান চালিয়েছিল ও কখন?
২. কানের মাঝের ৩টি হাড়ের নাম ও তাদের কাজ কি?
৩. কতো সালে 'ওয়ার এন্ড পিস' প্রকাশিত হয়েছিল ও টলস্টয়ের তখন কতো বছর?

বই ঃ
১. ৩টি রেফারেন্স দিয়ে উত্তর খুঁজতে ৫ মিনিট লাগে।
২. ২টি রেফারেন্সের সাহায্যে ২ মিনিট।
৩. প্রথমবারেই পেয়ে যান। সময় লাগে ৬ মিনিট।

সিডি ঃ
১. 'রোমান এন্ড ব্রিটিশ' অধ্যায়ে ৩ মিনিটে খুঁজে পান।
২. সুনির্দিষ্ট উত্তর পাওয়া দুষ্কর হওয়াতে ১৫ মিনিট লাগে।
৩. ৩ মিনিট।